



STEPPING STONE
SCHOOL (HIGH)

Class- IV

Subject- 2nd Language (Bengali)

Time- 30 minutes

Topic- Poem

Date- 16/06/2020

Worksheet-21

নিচে একটি কবিতা, তার মূলবক্তব্য, সেই কবিতার অন্তর্গত কিছু শব্দার্থ ও বানান দেওয়া হয়েছে।
তোমরা কবিতাটি এবং শব্দার্থ ও বানানগুলি মুখস্থ করে না দেখে লেখো।
বি.দ্র:- তোমরা স্কুলের খাতা পেয়ে গেলে উত্তরগুলি সেই খাতাতেই লিখবে। ২য় ভাষা বাংলার
জন্য দু-দিকে single-ruled খাতা ব্যবহার করবে।

হঠাৎ যদি

প্রেমেন্দ্র মিত্র

আমায় যদি হঠাৎ কোনো ছলে
কেউ করে দেয় আজকে রাতের রাজা,
করি গোটাকয়েক আইন জারি
দু-এক জনায় খুব কষে দিই সাজা।

মেঘগুলোকে করি হুকুম সব
ছুটি তোদের, আজকে মহোৎসব।
বৃষ্টি-ফোঁটার ফেলি চিকন চিক্
ঝুলিয়ে ঝালর ঢাকি চতুর্দিক,

দিলদরিয়া মেজাজ করে কই,
বাজগুলো সব স্মৃতি করে বাজা।
আমায় যদি হঠাৎ কোনো ছলে
কেউ করে দেয় আজকে রাতের রাজা।

ওলট-পালট করি বিশ্বখানা
ভাঙি যেথায় যত নিষেধ মানা;
মনের মতো কানুন করি ক-টা
রাজা হওয়ার খুব করে নিই ঘটা।
সত্য তা সে যতই বড়ো হোক
কঠোর হলে দিই তাহারে সাজা।
আমায় যদি হঠাৎ কোনো ছলে
কেউ করে দেয় আজকে রাতের রাজা।

(সংক্ষেপিত)



কবিতাটির মূলভাব:

কবি বলেছেন যদি তাঁকে কেউ এক রাতের জন্য রাজা করে দেয় তবে তিনি কয়েকজনকে খুব কঠিন শাস্তি দিতে চান। আকাশের মেঘদের স্বাধীনতা দিয়ে উৎসব করতে চান তিনি। তিনি সারা বিশ্ব জুড়ে সব বাধা-নিষেধ ভেঙে খান খান করতে চান। আর চান মনের মতো কতকগুলো আইন তৈরি করতে যেখানে সত্যের জয় হবে। মিথ্যা পাবে কঠোর শাস্তি তা যে-কোনো মূল্যেই হোক।

শব্দার্থ:

ছলে- ছলনাতে

কষে- কঠোরভাবে

সাজা শাস্তি

হুকুম- আদেশ

বাজগুলো- বাজনা গুলো

বিশ্বখানা- সমস্ত পৃথিবীটা

কানুন- আইন

বানান:

মহোৎসব

চতুর্দিক

বৃষ্টি

স্মৃতি

বিশ্বখানা